

## প্রতি রোববার তিন ঘণ্টা ক্লাস বর্জনের ঘোষণা রাবি শিক্ষক সমিতির

প্রতিনিধি, রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রস্তাবিত অষ্টম পে-স্কেলে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বেতন স্কেল পুনর্নির্ধারণের দাবিতে ক্লাস বর্জন করে অবস্থান ধর্মঘট ও স্বাক্ষর কর্মসূচি পালন করেছে রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) শিক্ষক সমিতি (রাবিসিস)। গত রোববার সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত সিনেট ভবনের সামনে এ কর্মসূচি পালন করেন তারা। দাবি আদায় না হওয়া পর্যন্ত প্রতি রোববার দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষকরা কাপো-ব্যাচ ধারণ করে সকাল ১০টা থেকে ১টা পর্যন্ত এসব কর্মসূচি-পালন করবেন। অবস্থান ধর্মঘট থেকে এ ঘোষণা দেয় সমিতির সভাপতি অধ্যাপক ড. আনন্দ কুমার সাহা। বক্তারা বলেন, প্রস্তাবিত অষ্টম জাতীয় বেতন কাঠামোতে বিশ্ববিদ্যালয় শিক্ষকগণ বৈষম্যের শিকার হয়েছেন। তাই বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বেতন স্কেল পুনর্নির্ধারণ না হওয়া পর্যন্ত প্রতি রোববার এই কর্মসূচি পালন করা হবে। এছাড়াও আগামী ১৯ তারিখের মধ্যে স্বাক্ষর অভিযান শেষ করে তা বিশ্ববিদ্যালয় শিক্ষক ফেডারেশনের কাছে পাঠানো হবে বলে জানান তারা। কর্মসূচিতে বিশ্ববিদ্যালয় সমিতির সভাপতি অধ্যাপক ড. আনন্দ কুমার সাহা, সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. রেজাউল করিম বাদলের সম্বলনায় বক্তব্য রাখেন পদার্থবিজ্ঞান বিভাগের এমিটিস- অরুণ কুমার বসাক, আরবি বিভাগের সহযোগী অধ্যাপক ইফতেখারুল আলম মাসুদ, পরিবেশবিজ্ঞান ইনস্টিটিউট বিভাগের সহকারী অধ্যাপক এস এম শফিউজ্জামান প্রমুখ।